The Bangladesh Observer

11 DEC 1988

058

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখঃ ০৭/১২/৮৮ ইং
২৩/০৮/৯৫ বাংলা

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানান যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের ১৯৮৮-৯৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তির জন্য ১২.১২.৮৮ ইং তারিখ হইতে ২২.১২.৮৮ ইং তারিখ পর্যন্ত নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিকট হইতে প্রাথমিক আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটসমূহে গ্রহণ করা হইবে।

| অনুষদের নাম | ঃ পঠিতব্য অনার্স বিষয়সমূহের নামঃ |
| --- | --- |
| কলা অনুষদ | ঃ বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃত, দর্শন, চারুকলা, আরবী, পালি ও সংস্কৃত। |
| সমাজ বিজ্ঞান অনুষদ | ঃ অর্থনীতি, রাজনীতি, বিজ্ঞান, সমাজতত্ত্ব ও লোক প্রশাসান। |
| বিজ্ঞান অনুষদ | ঃ পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, পরিসংখ্যান, উদ্ভিদবিদ্যা ও প্রাণিবিদ্যা। |

### ভর্তির ন্যূনতম যোগ্যতা

(ক) যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক (এস এস সি পরীক্ষা) ও ১৯৮৭ বা ১৯৮৮ সালে উচ্চ মাধ্যমিক (এইচ এস সি পরীক্ষা) অথবা উল্লেখিত দুইটি পরীক্ষার অনুমোদিত সমমানের পরীক্ষাসমূহ **কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে,** তাহারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হইবে।

অথবা

যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে ১৯৮৫ সালে বা ১৯৮৬ সালে দাখিল পরীক্ষা ও ১৯৮৭ সালে বা ১৯৮৮ সালে আলিম পরীক্ষা কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে, তাহারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হইবে।

অথবা

যে সকল ছাত্র/ছাত্রী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে ১৯৭৬ সাল হইতে ১৯৮৬ সালের মধ্যে আলিক ও ১৯৮৭ বা ১৯৮৮ সালে ফাজিল পরীক্ষা কমপক্ষে ২য় বিভাগে উত্তীর্ণ হইয়াছে, তাহারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হইবে।

(খ) যে সকল ছাত্র/ছাত্রী উল্লেখিত ২ (দুই)টি পরীক্ষার মধ্যে যে কোন ১ (এক)টি পরীক্ষা ৩য় (তৃতীয়) বিভাগে উত্তীর্ণ হইয়াছে, তাহারা (উপ-জাতীয় ছাত্র/ছাত্রী ছাড়া) যে কোন অনার্স বিষয়ে ভর্তির অযোগ্য হইবে।

**যে পর্যায়ের ছাত্র/ছাত্রীকে যে ইউনিটে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমা দিতে হইবে তাহার বিবরণঃ**

**ক-ইউনিটঃ**

(বিজ্ঞান)

যাহারা বিজ্ঞান বা কৃষি বিজ্ঞান শাখা হইতে উচ্চমাধ্যমিক পরীক্ষা পাস করিয়াছে অথবা মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা হইতে উপরোল্লেখিত সালের পরীক্ষাসমূহ পাস করিয়াছে, তাহাদিগকে বিজ্ঞান অনুষদের ডীন অফিসে ফরম জমা দিতে হইবে।

এই সকল প্রার্থীদের ভর্তি পরীক্ষা ক-ইউনিট কর্তৃক গ্রহণ করা হইবে।

**খ-ইউনিটঃ**

(কলা ও সমাজ বিজ্ঞান)

যাহারা মানবিক শাখা হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাস করিয়াছে অথবা মাদ্রাসা শিক্ষা বোর্ডের সাধারণ শাখা হইতে উপরোল্লেখিত সালের পরীক্ষাসমূহ পাস করিয়াছে, তাহাদিগকে কলা অনুষদের ডীন অফিসে ফরম জমা করিতে হইবে।

এই সকল প্রার্থীদের ভর্তি পরীক্ষা খ-ইউনিট কর্তৃক গ্রহণ করা হইবে।

**১ম বর্ষ চারুকলা অনার্স বিষয়ে ভর্তির যোগ্যতা ও অন্যান্য জ্ঞাতব্য বিষয়ঃ**

১। যে সকল ছাত্র/ছাত্রী মাধ্যমিক ও ১৯৮৭ বা ১৯৮৮ সালে যে কোন গ্রুপ হইতে উচ্চ মাধ্যমিক পরীক্ষা অথবা এই দুইটি পরীক্ষার সমতুল্য হিসাবে অনুমোদিত পরীক্ষা কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে এবং তাহাদের মধ্যে যাহাদের অংকনে ও চিত্রণে পারদর্শিতা আছে, কেবল তাহাদিগকেই ভর্তি পরীক্ষা পাস সাপেক্ষে ভর্তি করা হইবে।

অথবা

যে সকল ছাত্র/ছাত্রী ১৯৮৭ বা ১৯৮৮ সালে কোন বিশ্ববিদ্যালয়ের ২ বৎসর মেয়াদী স্নাতক পূর্ব চারুকলা পরীক্ষা অর্থাৎ বি, এফ, এ প্রি-ডিগ্রী পরীক্ষা কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছে, কেবল তাহাদিগকে ভর্তি পরীক্ষা পাস সাপেক্ষে ভর্তি করা হইবে।

২। চারুকলা অনার্স বিষয়ে ভর্তি প্রার্থীদিগকে আলাদা ফরমে (গোলাপী রং-এর ফরম) ভর্তির জন্য আবেদন করিতে হইবে এবং এই ফরম যথাযথভাবে পূরণ করিয়া খ-ইউনিটের অফিসে (কলা অনুষদের ডীনের অফিস) উল্লেখিত সময়ের মধ্যে জমা দিতে হইবে।

খ-ইউনিট প্রধান তাহাদের লিখিত ও ব্যবহারিক ভর্তি পরীক্ষা খ-ইউনিটের ভর্তি পরীক্ষার ভিন্ন তারিখে আলাদাভাবে গ্রহণ করিবেন।

৩। চারুকলা অনার্স বিষয়ে ভর্তি প্রার্থীরা চারুকলা অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে ভর্তি হইতে ইচ্ছুক হইলে তাহাদিগকে স্ব স্ব অনার্স বিষয়ে ভর্তির জন্য সংশ্লিষ্ট ইউনিট আলাদাভাবে আবেদন করিতে হইবে এবং সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষায়ও অংশগ্রহণ করিতে হইবে।

**ঘ-ইউনিটঃ**

(সম্মিলিত গ্রুপ)

যে সকল ছাত্র/ছাত্রী উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধীত ঐচ্ছিক বিষয়সমূহের পরিবর্তে অন্য বিষয়ের বা বাংলা ও ইংরেজী বিষয়ের ঘ-ইউনিটের সংরক্ষিত আসালের ভর্তির জন্য প্রতিযোগিতা করিতে ইচ্ছুক, তাহাদিগকে ঘ-ইউনিটের প্রাথমিক আবেদনপত্র পূরণ করিয়া সমাজ বিজ্ঞান অনুষদের ডীনের অফিসে ফরম জমা করিতে হইবে।

এই সকল প্রার্থীদের ভর্তি পরীক্ষা ঘ-ইউনিট গ্রহণ করা হইবে।

ভর্তি পরীক্ষার ফিসঃ প্রতিটি ইউনিটের প্রতিটি ভর্তি পরীক্ষার ফরম ও নির্দেশিকা বই-এর মূল্য ৬০/- (ষাট) টাকা।

**ভর্তির প্রাথমিক আবেদনপত্র ও ভর্তি নির্দেশিকা বই সংগ্রহকরণ সম্পর্কিত তথ্যঃ**

(ক) এই ফিস নগদ অগ্রণী ব্যাংকের বিশ্ববিদ্যালয় শাখায় অথবা চট্টগ্রাম শহরস্থ শেখ মুজিব সড়ক (আগ্রাবাদ) শাখায় জমা করিয়া ভর্তির প্রাথমিক আবেদনপত্র (ভর্তি ফরম ও ভর্তি নির্দেশিকা বই) সংগ্রহ করা যাইবে।

(খ) ডাকযোগে কোন ভর্তি ফরম বিক্রয় বা সরবরাহ করা হইবে না।

**অন্যান্য বিশেষ জ্ঞাতব্য বিষয়সমূহঃ**

১। ভর্তির প্রাথমিক আবেদনপত্রের সঙ্গে ভর্তি প্রার্থীর সাম্প্রতিক তোলা দুই কপি পাসপোর্ট আকারের প্রত্যায়িত ফটো এবং সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অথবা ইহার সমতুল্য হিসাবে অনুমোদিত পরীক্ষা পাসের নম্বর ফর্দের প্রত্যায়িত ফটোকপিসমূহসহ উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট ডীন অফিসে জমা দিতে হইবে।

**স্কুল বা কলেজ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র গ্রহণ করা হইবে না**

২। ভর্তির প্রাথমিক আবেদনপত্র সংশ্লিষ্ট ডীন অফিসে জমা করিয়া সঙ্গে সঙ্গে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে।

ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে ভর্তি পরীক্ষা দিবার অনুমতি দেওয়া হইবে না।

৩। সকল প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদিগকে তাহাদের মেধাক্রমানুসারে নির্ধারিত আসালে নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি করা হইবে। যাহারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিবে না তাহাদিগকে ভর্তি করা হইবে না।

৪। প্রতি ইউনিটের ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান যাথাসময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হইবে।

৫। ভর্তি সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী সংশ্লিষ্ট ইউনিটের সভাপতির অফিস হইতে প্রার্থীকে নিজ দায়িত্বে সংগ্রহ করিতে হইবে।

৬। উপ-জাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির সংরক্ষিত আসালে উপ-জাতীয় ছাত্র/ছাত্রীদিগকে ভর্তি করানোর জন্য উপরোক্ত যোগ্যতা শিথিল করা হইয়াছে। এই তথ্য সংশ্লিষ্ট ইউনিটের সভাপতির অফিস হইতে সংগ্রহ করা যাইবে।

স্বাক্ষরিত/-
আবদুর রশীদ
রেজিস্ট্রার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

জিসি—৬১৭৩